



রেজিস্ট্রারের কার্যালয়

বরিশাল বিশ্ববিদ্যালয়

ফোন: ০৪৩১২১৭৭৪৩১, ০১৮৭৭-৭৭৩৯৩৯, ফ্যাক্স: ০৪৩১-৬১৮২৭

web:https://bu.ac.bd, e-mail: registrar@bu.ac.bd



স্মারক নং- বিইউ/রেজি/নোটিস/ভলি-২/১৪০/২০২০/১৭৩৩

তারিখ: ২১ শ্রাবণ ১৪২৮ বঙ্গাব্দ
০৫ আগস্ট ২০২১ খ্রিস্টাব্দ

নোটিস

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রিপরিষদ বিভাগের মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখার স্মারক নং-০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.২৬৮; তারিখ:০৫/০৮/২০২১ এর নির্দেশনা অনুযায়ী করোনা ভাইরাসের ব্যাপক বিস্তার রোধকল্পে পূর্বের ধারাবাহিকতায় আগামী ০৬ আগস্ট ২০২১ তারিখ থেকে ১০ আগস্ট ২০২১ তারিখ পর্যন্ত বরিশাল বিশ্ববিদ্যালয়ের সকল একাডেমিক ও দাপ্তরিক কার্যক্রম বন্ধ থাকবে। তবে একাডেমিক ক্লাসসমূহ স্ব স্ব বিভাগ কর্তৃক অনলাইন প্রক্রিয়ায় অনুষ্ঠিত হবে এবং দাপ্তরিক কার্যক্রম ভার্যুয়ালি/বিশেষ ক্ষেত্রে পূর্ণ স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক সীমিত পরিসরে শারীরিক উপস্থিতিতে সম্পাদিত হবে।

উল্লেখ্য, এই সময়কালে বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট সকলে কর্মস্থলে অবস্থান করবেন এবং সিকিউরিটি সেবাসহ বিশ্ববিদ্যালয়ের অন্যান্য জরুরী সেবাসমূহ চালু থাকবে। জরুরী সেবা চালু রাখার জন্য প্রয়োজনে পরিবহন সেবা প্রদান করা হবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে-

০৫/০৮/২০২১

(অধ্যাপক ড. মোঃ মুহসিন উদ্দীন)

রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)

বরিশাল বিশ্ববিদ্যালয়

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতানুসারে নয়):

- ১। সকল অনুষদের ডিন, বরিশাল বিশ্ববিদ্যালয়।
- ২। সকল বিভাগীয় চেয়ারম্যান, বরিশাল বিশ্ববিদ্যালয় (সংশ্লিষ্ট বিভাগের সম্মানিত শিক্ষক, শিক্ষার্থী ও কর্মচারীদের অবহিত করার অনুরোধসহ)।
- ৩। সকল অফিস প্রধান, বরিশাল বিশ্ববিদ্যালয় (সংশ্লিষ্ট অফিসের কর্মকর্তা ও কর্মচারীদের অবহিত করার অনুরোধসহ)।
- ৪। পরিচালক, নেটওয়ার্কিং এন্ড আইটি অফিস, বরিশাল বিশ্ববিদ্যালয় (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধসহ)।
- ৫। উপ-পরিচালক (চলতি দায়িত্ব), জনসংযোগ অফিস, বরিশাল বিশ্ববিদ্যালয়।
- ৬। ভাইস-চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব, বরিশাল বিশ্ববিদ্যালয় (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। নোটিস বোর্ডসমূহ।
- ৮। সংশ্লিষ্ট নথি।
- ৯। মহানথি।